



স্মারক নং: ১২.০৪.০০০০.০০৭.০৫.০০৫.১৯ - ২৩২৩ (ক)

তারিখ: ১০/১২/২০২০ খ্রি।

বীজ প্রত্যয়ন এজেন্সীর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন কমিটি কর্তৃক অবহিতকরণ সভার কার্যবিবরণী

তারিখ : ০৭/১২/২০২০ খ্রি., সময়: বেলা ১২.০০ ঘটিকা।

স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

সভাপতি : আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

আলোচ্য সূচি:

- ১) সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।
- ২) মাঠ পর্যায়ের কার্যালয়ের সেবা প্রদান হালনাগাদকরণ।
- ৩) বিবিধ।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী এবং সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে আহবায়ক, সেবা প্রদান প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি সভা শুরু করেন। তিনি ড. মো: হাসানুল কবীর কামালী, সিনিয়র ট্রেনিং অফিসার ও সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। উপস্থিত সদস্যবৃন্দ, বীজ প্রত্যয়ন এজেন্সীর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনার বিষয়বস্তু ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন : এ বিষয়ে সদস্য সচিব সভাকে জানান যে, সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা প্রয়োজন। প্রশাসনিক ভবনের বাহিরে যে সিটিজেন চার্টার প্রদর্শন করা রয়েছে। তা হালনাগাদ করা জরুরী। হালনাগাদ তথ্য সম্বলিত সিটিজেন চার্টার তৈরী ও প্রদর্শনের জন্য টিমের সকলকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। নতুন হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রস্তুতের জন্য কি পরিমাণ অর্থ খরচ হতে পারে তার তথ্য সংগ্রহের জন্য জনাব মো: নজরুল ইসলাম, কেয়ারটেকার, বীজ প্রত্যয়ন এজেন্সীকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি অবশ্যই ১৮/১২/২০২০ খ্রি. তারিখের পূর্বেই প্রদর্শনের ব্যবস্থা করা প্রয়োজন।	১। সদর দপ্তরে প্রদর্শনের জন্য ০৭ (সাত) কলাম বিশিষ্ট হালনাগাদকৃত সিটিজেন চার্টার প্রস্তুত করতে হবে। ২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি পদবি অনুযায়ী হালনাগাদ করতে হবে। ৩। হালনাগাদকৃত সিটিজেন চার্টার আবশ্যিকভাবে ১৮/১২/২০২০ খ্রি. তারিখের পূর্বেই প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	কমিটির সদস্যবৃন্দ
২.	মাঠ পর্যায়ের কার্যালয়ের সেবা প্রদান হালনাগাদকরণ : এ প্রসঙ্গে সদস্য সচিব সভাকে বলেন যে, মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি ইউনিফর্ম হওয়া প্রয়োজন। সে লক্ষ্যে মাঠ পর্যায়ের সিটিজেন চার্টার এ যে সকল তথ্য সংযোজিত হবে তা সদর দপ্তর হতে নির্ধারন করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন।	মাঠ পর্যায়ের কার্যালয়ে প্রদর্শনের জন্য একই কাঠামোভিত্তিক সিটিজেন চার্টার সদর দপ্তর হতে নির্ধারন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সেবা প্রদান প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১২/২০২১

আবদুর রাজ্জাক

পরিচালক

ফোন: 492৭২২০১

dir.sca.gov.bd@gmail.com

বিতরণ -জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
২. উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৩. প্রধান বীজ প্রযুক্তিবিদ, কেন্দ্রীয় বীজ পরীক্ষাগার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৪. সিনিয়র ট্রেনিং অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৫. অতিরিক্ত উপপরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৬. প্রকাশনা অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৭. কেয়ারটেকার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।